গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কেশবপুর, যশোর।
keshabpur.jessore.gov.bd

বাংলা ১৪৩৩ সনের জন্য হাট/বাজার ইজারার বিজ্ঞপ্তি

সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কেশবপুর উপজেলার নিম্নলিখিত হাটবাজারসমূহ (তফসিল বর্ণিত) বঙ্গাব্দ ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসক, যশোর, সহকারী কমিশনার (ভূমি), কেশবপুর, যশোর, কেশবপুর থানা (পুলিশ স্টেশন), সোনালী ব্যাংক লি: কেশবপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। নির্ধারিত তারিখ দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, যশোর, সহকারী কমিশনার (ভূমি), কেশবপুর, যশোর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐদিন বিকাল ০৩:০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাক্স খোলা হবে। দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর এর অনুকূলে উদ্ধৃত দরের ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। পরবর্তী উক্ত উদ্ধৃত্ত দরের জামানত হতে ২৫% অর্থ ইজারামূলের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। গৃহীত দরপত্রের দরদাতাকে দেয় দরের সমুদয় অর্থের ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট খাতে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। ১ম বার টেন্ডারে কোন হাট বাজারের দেয় দর অনুমোদিত হলে ২য় বার উক্ত হাটের নাম বাদ দেয়া হয়েছে এবং ২য় বার টেন্ডারে অনুমোদিত হলে ৩য় বার উক্ত হাটের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। এজন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। কর্তৃপক্ষ যে কোন কারণ ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য (শর্তাবলী) অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে। সর্বোচ্চ দরদাতা ইজারা চুক্তি করে নির্ধারিত টোল রেট অনুসারে টোল আদায় করবেন।

হাট বাজারের নাম ও দরপত্র দাখিলের সময়সূচি:
(১ম, ২য় ও ৩য় বার)

ক্রম:	হাট বাজারের নাম	যে ইউনিয়নে অবস্থিত	দরপত্র দাখিলের তারিখ			সরকারি মূল্য	দরপত্র মূল্য (অফেরৎযোগ্য)
			১ম বার	২য় বার	৩য় বার		
			২৩/০২/২০২৬	০৮/০৩/২০২৬	১৫/০৩/২০২৬		
১	২	৩	৪ (ক)	৪ (খ)	৪ (গ)	৫	৬
১	সরসকাটি পশু হাট	ত্রিমোহিনী	ঐ	ঐ	ঐ	৫৭,৬২৯.০০	৫০০.০০
২	ত্রিমোহিনী হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৩,২৮,৩৭৭.০০	১,৪০০.০০
৩	চিংড়া হাট	সাগরদাড়ী	ঐ	ঐ	ঐ	৬,৩২,৬৪৯.০০	২,০০০.০০
৪	সাগরদাঁড়ী হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৭,৩৯,২০৯.০০	২,২০০.০০
৫	বাঁশবাড়িয়া হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৬,০০৭.০০	৫০০.০০
৬	প্রতাপপুর হাট	মজিদপুর	ঐ	ঐ	ঐ	২,৮৬২.০০	৫০০.০০
৭	শিকারপুর হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৩,১৮৪.০০	৫০০.০০
৮	শ্রীরামপুর হাট	ঐ	ঐ	ঐ	ঐ	১৬,১৩৫.০০	৫০০.০০
৯	ভান্ডারখোলা হাট	বিদ্যানন্দকাটি	ঐ	ঐ	ঐ	১,১৬,৭৪১.০০	১,০০০.০০
১০	পরচক্রা হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৩,০০৯.০০	৫০০.০০
১১	মঙ্গলকোট হাট	মঙ্গলকোট	ঐ	ঐ	ঐ	৩৭০,৯২২.০০	১,৪০০.০০
১২	পাঁজিয়া হাট	পাজিয়া	ঐ	ঐ	ঐ	৪,২৭,৯২২.০০	১,৬০০.০০
১৩	গড়ভাঙ্গা হাট	ঐ	ঐ	ঐ	ঐ	১,৪১,৭২২.০০	১,০০০.০০
১৪	হদ হাট	ঐ	ঐ	ঐ	ঐ	০	৫০০.০০
১৫	কাটাখালী হাট	সুফলাকাটি	ঐ	ঐ	ঐ	৩,২৯,০০৬.০০	১,৪০০.০০
১৬	গৌরীঘোনা হাট	গৌরীঘোনা	ঐ	ঐ	ঐ	১,৭৩,৪৮৭.০০	১,০০০.০০
১৭	ভরত ভায়না হাট	ঐ	ঐ	ঐ	ঐ	১,৮৪,১৮২.০০	১,০০০.০০
১৮	ভেরচী হাট	ঐ	ঐ	ঐ	ঐ	২,৪৬,৬২৭.০০	১,২০০.০০
১৯	ভালুকঘর হাট	সাতবাড়িয়া	ঐ	ঐ	ঐ	১৪,২০৪.০০	৫০০.০০
২০	বকুলতলা হাট	ঐ	ঐ	ঐ	ঐ	১২,০৮৮.০০	৫০০.০০
২১	বেগমপুর হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৬০৪.০০	৫০০.০০
২২	সাতবাড়িয়া হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৬,৬৪৩.০০	৫০০.০০
২৩	সাতবাড়িয়া পশু হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৫,৩০,৮৮৪.০০	১,৮০০.০০
২৪	হাসানপুর হাট	হাসানপুর	ঐ	ঐ	ঐ	১,১২,৩৬০.০০	১,০০০.০০
২৫	বগা হাট	ঐ	ঐ	ঐ	ঐ	৪২,২৮,৬৯৩.০০	৯,২০০.০০

28/02/2026
(রেকসোনা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।
ফোন : ০২৪৭৭৭-৬৭০১২
unokeshabpur@mopa.gov.bd

CamScanner

১৪৩৩ বাংলা সনের হাট বাজার ইজারার শর্তাবলী:

১। বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র ১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হইবে

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত উদ্ধৃত জামানতের টাকা হইতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিস্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইবে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক উল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডি
৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক হাট বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করিতে হইবে।দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারিবেন না।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ কার্যদিবসের মধ্যে ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা হইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। দরপত্রদাতাকে অবশ্যিকভাবে দরপত্রের সহিত জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে এবং জাতীয় পরিচয়পত্র অনুযায়ী নাম ও ঠিকানা লিপিবদ্ধ করতে হবে।

---o---

CamScanner